

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
শিবচর উপজেলা, মাদারীপুর।



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

তারিখ : ০৮/০৩/২০২২ খ্রিঃ।

স্মারক নং : ২০৯ জঃস্বঃপ্রঃঅঃ (শিব)

শিবচর উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিভাগের স্থায়ী কমিটির ৪৫ তম সভার
কার্য বিবরণী :

সভাপতি : ফাহিমা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।
স্থান : মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ
শিবচর, মাদারীপুর।
সভার তারিখ ও সময় : ০৮/০৩/২০২২ খ্রিঃ, সকাল ১২.০০ ঘটিকা।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচী অনুযায়ী বিষয়াবলী উপস্থাপনের জন্য উপ-সহকারী প্রকৌশলী কে অনুরোধ জানান। সদস্য সচিব উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর) তাহার বিভাগের যাবতীয় কার্যক্রম সম্পর্কে উপস্থিত সকল সদস্যদেরকে অবহিত করেন। বর্তমান ২০২১-২০২২ অর্থ বছরে পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৫ টি অগভীর নলকূপ ও ১৫ টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। তাহা মাননীয় এম. পি মহোদয়কে অবহিত করা হয়েছে। মাননীয় এম.পি মহোদয়, উপজেলা চেয়ারম্যান মহোদয়কে নলকূপ বিভাজন কমিটির মাধ্যমে বিভাজন করার নির্দেশ প্রদান করেন। নির্দেশ অনুযায়ী বিভিন্ন ইউনিয়নে অগভীর ও গভীর নলকূপ বিভাজন করে দিয়েছেন এবং অগভীর ও গভীর নলকূপের স্থান তালিকা অত্র দপ্তরে প্রেরণ করার নির্দেশ প্রদান করেন। নির্দেশ অনুযায়ী ৩টি ইউনিয়ন থেকে স্থান তালিকা অত্র দপ্তরে জমা হয়েছে এবং দ্রুত তালিকা অত্র দপ্তর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। আলোচনা অংশ নিয়ে বাঁশকান্দি ও দপ্তপাড়া ইউনিয়নের চেয়ারম্যান মহোদয় বলেন উক্ত ইউনিয়ন দুটিতে গভীর নলকূপের ব্যাপক চাহিদা রয়েছে। বরাদ্দ বৃদ্ধি করার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করা হয়। সভাপতি মহোদয় সদস্যদের প্রস্তাবে সম্মতি জ্ঞাপন করেন।

- সভার সিদ্ধান্ত সমূহঃ
- শিবচর উপজেলায় গভীর নলকূপের ব্যাপক চাহিদা থাকায় ৫০০ টি গভীর নলকূপ এবং ৩০০টি অগভীর নলকূপ অতিরিক্ত ভিত্তিতে বরাদ্দ প্রদানের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়ের নিকট বিনীত অনুরোধ করা হলো।
 - চলমান গভীর ও অগভীর নলকূপ স্থাপন ওয়াস ব্লক এর কাজ যথাযথভাবে তদারকী করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে বলা হইলো।
 - কাজের গুণগত মান বজায় রাখার জন্য সকল সদস্যকে তদারকী করার জন্য বলা হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Fahima

ফাহিমা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও

সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি
শিবচর উপজেলা, মাদারীপুর।
তারিখ : ০৮/০৩/২০২২ খ্রিঃ।

স্মারক নং : ২০৯/১/(৭) জঃস্বঃপ্রঃঅঃ (শিব)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।






- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
- নির্বাহী অফিসার, শিবচর উপজেলা, মাদারীপুর।
- জনাব..... সদস্য অত্র কমিটি
- অফিস কপি

Shamima
০৮-০৩-২২

(শামিমা নাসরিন)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও

সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি
শিবচর উপজেলা, মাদারীপুর।

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত কমিটির
উপস্থিত সদস্যদের হাজিরা সীট

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর ও মোবাইল নম্বর
১.	ফহিমা আক্তার	মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ শিবচর, মাদারীপুর।	 01712144051
২	মোঃ মুরাদ মিয়া	চেয়ারম্যান দত্তপাড়া ইউনিয়ন পরিষদ শিবচর, মাদারীপুর।	 01731855254
৩.	নিজাম উদ্দিন বেপারী	চেয়ারম্যান বন্দরখোলা ইউনিয়ন পরিষদ শিবচর, মাদারীপুর।	 01712008735
৩.	মোঃ আসাদুজ্জামান খোকন	চেয়ারম্যান বাঁশকান্দি ইউনিয়ন পরিষদ শিবচর, মাদারীপুর।	 0171437832
৫.	শামিমা নাসরিন	উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর শিবচর, মাদারীপুর।	 01766121862